

নং-৩০.০০.০০০০.০২৫.৩৩.০০৩.১৬-১৩৮

তারিখ: ০৩/১০/২০১৯ খ্রি:।

ট্রাভেল এজেন্সী লাইসেন্স বাতিল আদেশ

যেহেতু মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন এর বিরুদ্ধে পবিত্র হজ্ব পালনে ইচ্ছুক যাত্রীদের টিকেট মজুদ করে অবৈধভাবে উচ্চ মূল্যে বিমান টিকেট বিক্রির অভিযোগ র্যাভের গোচরীভূত হয়।

০২। যেহেতু ১৭ জানুয়ারী ২০১৯ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা রুটে বিমান ভাড়া চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভায় হজ্বের যাওয়া আসা-বাবদ টিকেটের মূল্য ১,২৮,০০০/- (এক লক্ষ আটশ হাজার) টাকা নির্ধারণ করা সত্ত্বেও নির্ধারিত মূল্যের চেয়ে বেশী মূল্যে হজ্বযাত্রীদের নিকট থেকে অতিরিক্ত বিমান ভাড়া গ্রহণের অভিযোগে র্যাভ কর্তৃক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয় এবং হজ্বের টিকেট ১,২৮,০০০/- (এক লক্ষ আটশ হাজার) টাকার পরিবর্তে ১,৪৩,০০০- ১,৬০,০০০/- টাকা পর্যন্ত বিক্রয়ের অভিযোগে মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন-কে ২০,০০০,০০/- (বিশ লক্ষ) টাকা জরিমানা আরোপ ও তা আদায় করা হয়।

০৩। যেহেতু সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্ট বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রদত্ত শাস্তির বিরুদ্ধে কোন আপীল দায়ের করেনি এতেও প্রমানীত হয় আনীত অভিযোগ তারা স্বীকার করে নিয়েছেন। এর ফলে মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন কর্তৃক নিবন্ধন সনদের শর্ত ভঙ্গ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩ এর ৯ ধারার বিধান লঙ্ঘন করা হয়েছে।

০৪। যেহেতু বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ২০১৯ সালের হজ্বযাত্রা নিয়ন্ত্রণ, সুষ্ঠু, হয়রানিমুক্ত এবং সার্বিক হজ্ব ব্যবস্থাপনা উন্নত করতে বিমানভাড়া নির্ধারণ, টিকেটের মূল্য নির্ধারণ করা সত্ত্বেও অভিযুক্ত মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত লঙ্ঘন করে প্রতারণা ও অসাধুতার পরিচয় দিয়েছে যা বাংলাদেশ ট্রাভেল এজেন্সির নিবন্ধন ও নিয়ন্ত্রণ আইন ২০১৩ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৪ এর সুস্পষ্ট লঙ্ঘন। একইসাথে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে হজ্বের টিকেট বিক্রির অভিযোগে সাজা প্রাপ্ত হওয়ায় এ বিষয়ে আপনাকে শুনানীর জন্য নোটিশ প্রদান করা হলে শুনানীতে প্রদত্ত আপনার নিযুক্তির কৌশলীর বক্তব্য ও তার দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

০৫। যেহেতু পবিত্র হজ্ব পালনে ইচ্ছুক যাত্রীদের নিকট থেকে সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগটি র্যাভের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টে প্রমানিত হওয়ায় এবং এর বিরুদ্ধে উদ্ধর্তন আদালতে আপীল দায়ের না করায় তা প্রকারান্তরে স্বীকার করে নেওয়ায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সীর (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩ এর ৯(১)(খ)(গ)(ঙ) ধারার বিধান লংঘিত হওয়ায় মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন, কাজী টাওয়ার (১৩ তলা), ৮৬, ইনার সার্কুলার (ভিআইপি) রোড, শান্তিনগর, নয়াপল্টন, ঢাকা এর অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন (সনদ নং ০০০২৯৩০) এতদ্বারা বাতিল করা হলো।

০৬। আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে এই মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন ও নিবন্ধন নবায়ন সনদসমূহ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মো: হুমায়ুন কবীর)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৩৩৬

মেসার্স সানশাইন এক্সপ্রেস ট্রাভেল ইনকর্পোরেশন
কাজী টাওয়ার (১৩ তলা), ৮৬, ইনার সার্কুলার (ভিআইপি) রোড
শান্তিনগর, নয়াপল্টন, ঢাকা।

নং-৩০.০০.০০০০.০২৫.৩৩.০০৩.১৬-১৩৮

তারিখ: ০৩/১০/২০১৯ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। সিনিয়র সচিব/সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ঢাকা (বাতিলকৃত রেজিস্ট্রেশন সার্টিফিকেট দ্বারা যাতে অবৈধভাবে ট্রাভেল এজেন্সীর ব্যবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।

৪। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৬। মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাভা), সাতারা স্টেটার (১৬ তলা), ৩০/১, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।

৭। ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ, বাংলাদেশ, হোসনা স্টেটার (৩য় তলা), সূট-১২০,১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা-১২১২।

৮। বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----।

৯। সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১০। অতিরিক্ত সচিব (প্রশাসন, পর্যটন, পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্তৃকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।


(মো: হুমায়ুন কবীর)
যুগ্মসচিব